ভার্চুয়াল গ্যালারী

বাংলাদেশ জাতীয় জাদুঘর

ও

সংস্কৃতি মন্ত্রণালয়

সার্বিক সহয়োগিতায় :

একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম,
প্রধানমন্ত্রীর কার্যালয়

BNM website : www.bangladeshmuseum.gov.bd
Facebook : https://www.facebook.com/bnmbd
Twitter : https://twitter.com/bnm
Virtual Gallery : http://www.bangladeshmuseum.gov.bd/vt/
E-News letter : http://www.bnm.gov.bd/bnmtoday/
BNM National web portal site : bangladeshmuseum.portal.gov.bd

বাংলাদেশ জাতীয় জাদুঘরের সংক্ষিপ্ত পরিচিতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জাতীয় জাদুঘর এদেশের ইতিহাস, সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের নিদর্শনাদি সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও এ-সংক্রান্ত গবেষণায় নিয়োজিত একটি জাতীয় প্রতিষ্ঠান। ১৯১৩ সালের ৭ আগস্ট বাংলার গভর্নর লর্ড কারমাইকেল তৎকালীন সচিবালয়ের (বর্তমান ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল) একটি কক্ষে 'ঢাকা যাদুঘর' আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। ১৯১৫ সালের জুলাই মাসে 'ঢাকা যাদুঘর', ঢাকার নায়েব-নাজিম-এর নিমতলিস্থ প্রাসাদের বারদুয়ারী ও দেউরীতে স্থানান্তরিত হয়। পরবর্তীতে ১৯৮৩ সালের ১৭ নভেম্বর 'বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ ১৯৮৩' জারি করে ঢাকা যাদুঘরের সব সম্পদ, নিদর্শন, দায়-দায়িত্বসহ সকল কর্মকর্তা-কর্মচারি বাংলাদেশ জাতীয় জাদুঘরের সাথে আত্তীকরণ করে শাহবাগস্থ জাদুঘর ভবনটিতে স্থানান্তরিত হয়।

প্রাচীন বাংলার ঐতিহ্য তথা মুসলমান, হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টানসহ বিভিন্ন জনগোষ্ঠীর সাংস্কৃতিক উপাদান, প্রত্ননিদর্শন ও মহান ভাষা আন্দোলন এবং মহান মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল নিদর্শন এ জাদুঘরের প্রদর্শনীর মূল আকর্ষণ। ঐতিহাসিক নিদর্শনাদি যেমন- প্রস্তর ও ধাতুর ভাস্কর্য, পোড়ামাটির ফলক, প্রাচীন ও মধ্যযুগীয় মুদ্রা, শিলালিপি, তুলট কাগজ ও তালপাতায় লেখা সংস্কৃত, বাংলা ও আরবি-ফার্সি পাণ্ডুলিপি, মধ্যযুগীয় অস্ত্রশস্ত্র, বাংলাদেশের কারুশিল্প, নকশিকাঁথা, কারুময় দারুশিল্প, সমকালীন চারুশিল্প এবং বিশ্বসভ্যতার নিদর্শন, বাংলাদেশের গাছপালা, পশুপাখি, শিলা-খনিজ ইত্যাদি প্রাকৃতিক নিদর্শন জাদুঘরের সংগ্রহে এবং প্রদর্শনীতে রয়েছে। ৯৫ হাজারের অধিক নিদর্শনসমৃদ্ধ বাংলাদেশ জাতীয় জাদুঘর দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহত্তম জাদুঘর। এছাড়াও এর নিয়ন্ত্রণাধীনে ৭টি শাখা জাদুঘর চালু রয়েছে। আরো কয়েকটি জাদুঘর স্থাপনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। ঢাকা শহরের প্রাণকেন্দ্র শাহবাগে চারতলা ভবনে ৪৫টি গ্যালারিতে ২০,০০০ বর্গমিটার জুড়ে এই জাদুঘরের সংগৃহীত চার হাজারের বেশি নিদর্শনের স্থায়ী প্রদর্শনী রয়েছে। জাতীয় জাদুঘরে একটি সমৃদ্ধ গ্রন্থাগার, একটি অত্যাধুনিক সংরক্ষণ ল্যাবরেটরি, ২টি মিলনায়তন এবং ১টি বিশাল আয়তনের অস্থায়ী প্রদর্শনী গ্যালারি রয়েছে।

১। ইন্টারনেটভিত্তিক সেবা

বাংলাদেশ জাতীয় জাদুঘর ভার্চুয়াল গ্যালারি : মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় পরিচালিত Access 2 Information (a2i) প্রকল্পের আওতায় Service Innovation Fund (SIF) এর সহায়তায় 'বাংলাদেশ জাতীয় জাদুঘরের ইন্টারনেটভিত্তিক ভার্চুয়াল গ্যালারি' নির্মাণ করা হয় এবং গত ২৫ এপ্রিল ২০১৭ তারিখ আনুষ্ঠানিকভাবে তা ইন্টারনেটে উন্মুক্ত করা হয়। প্রথম দিনই হাজার হাজার ইন্টারনেট ভ্রমণকারী জাতীয় জাদুঘরের ভার্চুয়াল গ্যালারি ভ্রমণ করেন এবং প্রতিদিনই দেশ-বিদেশের অসংখ্য দর্শক ইন্টারনেটের মাধ্যমে বাংলাদেশ জাতীয় জাদুঘর ভার্চুয়াল গ্যালারি পরিদর্শন করছেন। ফলে দেশের গৌরবময় ইতিহাস, ঐতিহ্য ও প্রাকৃতিক নিদর্শনসমূহ আধুনিক প্রযুক্তির মাধ্যমে বাংলাদেশের তথা বিশ্বব্যাপী সকল মানুষের কাছে উন্মুক্ত ও সহজলভ্য হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা হয়েছে।

ভার্চুয়াল গ্যালারি উদ্বোধন

ভার্চুয়াল গ্যালারি

URL Address : https://www.bangladeshmuseum.gov.bd/vt

২। মাসিক ই-নিউজলেটার

কয়েক মাস পরীক্ষামূলক কার্যক্রমের পর সেপ্টেম্বর ২০১৭ থেকে বাংলাদেশ জাতীয় জাদুঘরের ই-নিউজলেটার প্রকাশের কার্যক্রম চালু করা হয়েছে। ই-নিউজলেটারের মাধ্যমে জাতীয় জাদুঘরের যাবতীয় কর্মকা- ইংরেজি ভাষায় প্রচারিত হচ্ছে। ফলে জাদুঘরের কর্মকা- সম্পর্কে দেশ-বিদেশের জনগণ অবহিত হতে পারছে। এর মাধ্যমে জাদুঘরের সাথে সম্পৃক্ত হতে সাধারণ মানুষ উৎসাহিত হবে। ই-নিউজ লেটারের URL Address http://www.bnm.gov.bd/bnmtoday/



ই-নিউজলেটার

ই-নিউজলেটার

৩। ওয়েবসাইট বা তথ্যতীর্থ

জাতীয় জাদুঘরের ওয়েবসাইট (www.bangladeshmuseum.gov.bd) : বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন বিভাগ/শাখার কর্মকা-, সেবা, নোটিশ, খবর, আদেশ, বিজ্ঞপ্তি, নীতিমালা, আইন-বিধি, প্রকাশনা, ফরম, অনুষ্ঠানমালা, দর্শকসংখ্যা, বিজ্ঞাপন ও সরকারের নির্দেশনা মোতাবেক তথ্য প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে।

ক) ফেসবুক (Facebook)

জাতীয় জাদুঘরের ফেসবুকে জাদুঘরের যাবতীয় কর্মকা-র তথ্য প্রতিনিয়ত আপলোড করা হচ্ছে। ফেসবুক URL Address : https://www.facebook.com/bnmbd

খ) টুইটার (Twitter)

জাতীয় জাদুঘরের টুইটারে জাদুঘরের যাবতীয় কর্মকা-র তথ্য প্রতিনিয়ত আপলোড করা হচ্ছে। টুইটার URL Address : https://www.twitter.com/bnm

গ) লাইব্রেরি ক্যাটালগ

বাংলাদেশ জাতীয় জাদুঘরের লাইব্রেরিতে সংরক্ষিত গ্রন্থের ক্যাটালগ অনলাইনে দেখার ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে।

৪। সম্পাদিত ডিজিটাল কার্যক্রম

ক) Object Identification System (Object ID) প্রবর্তন করা হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘর ও এর শাখা জাদুঘরসমূহের প্রায় এক লক্ষ নিদর্শন তথা জাতীয় প্রত্নতাত্ত্বিক সম্পদের ছবিসহ ডিজিটাল ডাটাবেস তৈরি করা হয়েছে।

খ) Human Resource Information System প্রবর্তন করা হয়েছে।

গ) Accounts Management System প্রবর্তন করা হয়েছে।

ঘ) জরুরি বিজ্ঞপ্তি ও প্রয়োজনীয় ডকুমেন্ট আদান-প্রদানের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন বিভাগ/শাখার কম্পিউটারে Exchange Server Management System চালু আছে।

ঙ) ডোমেইন ই-মেইল ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে।

চ) জাতীয় জাদুঘরে সংরক্ষিত মুক্তিযুদ্ধের দলিল স্ক্যান করে সংরক্ষণ করা হচ্ছে।

ছ) দর্শকদের জন্য ডিজিটাল টিকেট বিক্রয়ের ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে।

জ) জাদুঘরের লবিতে ও বিশ্রামকক্ষে বিনামূল্যে Wi-Fi Internet সেবা প্রদান করা হচ্ছে।

ঝ) জাদুঘরের লবিতে ডিজিটাল সাইনেজ ও টাচস্ক্রিন তথ্য বাতায়ন সংস্থাপন করা হয়েছে।

ঞ) জাদুঘরের গ্যালারিসমূহে ডিজিটাল ডিসপ্লে সিস্টেম সংস্থাপনের মাধ্যমে জাদুঘর পরিদর্শনকারীদের আকর্ষণীয়ভাবে নিদর্শনের তথ্য উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ট) একটি আধুনিক Data Center স্থাপন করা হয়েছে।

৫। ভবিষ্যৎ পরিকল্পনা

ক) ইন্টারনেটের মাধ্যমে টিকেটিং (e-Ticketing) ব্যবস্থা প্রবর্তন।

খ) ইন্টারনেটের মাধ্যমে জাতীয় জাদুঘরের হল বুকিং ব্যবস্থা প্রবর্তন।

গ) Antiquities Accession Management System প্রবর্তন।

ঘ) Leave Management System প্রবর্তন।

ঙ) দর্শকদের সুবিধার্থে ডিজিটাল Audio-Guide প্রবর্তন।

চ) Digital Access and Exit Control System প্রবর্তন।

ছ) Online e-Book and Souvenir Sales Management System প্রবর্তন।

জ) Virtual Museum প্রবর্তন।

ঝ) নিদর্শনের Sensor Locator Based Information Management System প্রবর্তন।

ঞ) জাদুঘরের গ্যালারিতে ডিজিটাল কম্পোনেন্ট ও অডিও-ভিজুয়াল ডকুমেন্টারি প্রদর্শনের ব্যবস্থাকরণ।

ট) Visitor Management System প্রবর্তন।

ভার্চুয়াল গ্যালারি